তুমি কাছে নাই ব'লে হেরো, সখা, তাই
'আমি বড়ো' 'আমি বড়ো' বলিছে সবাই ।
( সবাই বড়ো হল হে ।
সবার বড়ো কাছে নেই ব'লে সবাই বড়ো হল হে ।
তোমায় দেখি নে ব'লে তোমায় পাই নে ব'লে,
সবাই বড়ো হল হে । )
নাথ, তুমি একবার এসো হাসিমুখে,
এরা ম্লান হয়ে যাক তোমার সম্মুখে ।
( লাজে ম্লান হোক হে ।
আমারে যারা ভুলায়েছিল লাজে ম্লান হোক হে ।
তোমারে যারা ঢেকেছিল লাজে ম্লান হোক হে । )
কোথা তব প্রেমমুখ, বিশ্ব-ঘেরা হাসি—
আমারে তোমার মাঝে করো গো উদাসী ।
( উদাস করো হে, তোমার প্রেমে—
তোমার মধুর রূপে উদাস করো হে । )
ক্ষুদ্র আমি করিতেছে বড়ো অহঙ্কার—
ভাঙো ভাঙো ভাঙো, নাথ, অভিমান তার ।
( অভিমান চূর্ণ করো হে ।
তোমার পদতলে মান চূর্ণ করো হে—
পদানত ক'রে মান চূর্ণ করো হে । )